

এম.এ. চতুর্থ সেমেস্টার ২০১৮-২০১৯
অ্যাসাইনমেন্ট
বিষয় : বাংলা
কোর পত্র : (আবশ্যিক): ৪০১ রবীন্দ্রনাথের কাব্য
মোট নম্বর ২৫

(বিভাগ - ক)

১. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ১২০০)। ১৫
- ক. 'চিত্রা' কাব্যে রবীন্দ্রনাথ ধূলিময় পৃথিবীর মানবজীবনের বহু খণ্ড খণ্ড চিত্র তুলে ধরেছেন।
কবিতাগুলির বিশ্লেষণাত্মক আলোচনা করে বিষয়টি পরিস্ফুট করুন।
- খ. 'বলাকা' গতিবাদের কাব্য—বিশ্লেষণ করুন।
- গ. 'চিত্রা' কাব্যের প্রাসঙ্গিক কবিতাগুলি অবলম্বনে কবির বিশিষ্ট সৌন্দর্য চেতনার পরিচয় দিন।

(বিভাগ-খ)

২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ৭০০)। ১০
- ক. 'স্বর্গ হইতে বিদায়' কবিতায় স্বর্গ ও মর্ত্যের প্রেমচিত্রের যে পার্থক্য কবি রচনা করেছেন তা ব্যক্ত করুন।
- খ. 'বলাকা' কাব্যের কয়েকটি কবিতায় কবির ঈশ্বরানুভূতি নতুনরূপে দেখা দিয়েছে, সেই অনুভূতির রূপটি তুলে ধরুন।
- গ. 'বলাকা' কাব্যের কবিতাগুলিতে রবীন্দ্রনাথ যৌবনরাগের যে পরিচয় দিয়েছেন তা যথার্থ আলোচনার মাধ্যমে উল্লেখ করুন।

এম.এ. চতুর্থ সেমেস্টার ২০১৮-২০১৯

অ্যাসাইনমেন্ট

বিষয় : বাংলা

সফট কোর পত্র (আবশ্যিক): ৪০২ রবীন্দ্রনাথের গদ্যসাহিত্য

মোট নম্বর ২৫

(বিভাগ - ক)

১. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ১২০০)। ১৫
- ক. 'রক্তকরবী' নাটকের গানগুলি ব্যবহারের তাৎপর্য আলোচনা করুন।
- খ. 'জীবনস্মৃতি' গ্রন্থটিকে কী জীবনীগ্রন্থ বলা যায়? জীবনীগ্রন্থের সঙ্গে জীবনস্মৃতিমূলক গ্রন্থের সম্পর্ক ও পার্থক্য বুঝিয়ে দিন।
- গ. জীবনস্মৃতিকে বলা যায় প্রকৃতির সঙ্গে কবির মিলন, বিচ্ছেদ এবং পুনর্মিলনের এক ধারাবাহিক ইতিহাস— আলোচনা করুন।

(বিভাগ-খ)

২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ৭০০)। ১০
- ক. 'রক্তকরবী' নাটকটির শ্রেণিবিচার করুন।
- খ. 'জীবনস্মৃতি' গ্রন্থের 'ঘর ও বাহির' অংশ রবীন্দ্রনাথের কবি জীবনে কী তাৎপর্য বহন করে লিখুন।
- গ. 'রক্তকরবী' নাটকে নন্দিনীর ভূমিকা আলোচনা করুন।

এম.এ. চতুর্থ সেমেস্টার, ২০১৮-২০১৯
অ্যাসাইনমেন্ট
বিষয়-বাংলা
ঐচ্ছিক পত্র : ৪০৩ (বৈষ্ণব সাহিত্য)
মোট নম্বর : ২৫

(বিভাগ-ক)

১. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা- ১২০০) ১৫

- ক) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' জীবনীগ্রন্থ হিসাবে কোনদিক থেকে স্বতন্ত্র তা বুঝিয়ে দিন।
- খ) চন্দ্রীদাসের পদাবলীতে কবি কৃতিত্বের পরিচয় দিন।
- গ) চন্দ্রীদাসের পদাবলী একাধারে ধর্মীয় তন্ত্র ও কাব্যিক রসসিদ্ধির সুসামঞ্জস্য সমাহারে পরিপূর্ণ- এই মন্তব্যের ব্যাখ্যা করুন।

(বিভাগ-খ)

২. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা - ৭০০) ১০

- ক) 'চৈতন্যভাগবত' থেকে আদিলীলা ও মধ্যলীলার বর্ণনা দিন।
- খ) দেশকাল অতিক্রম হয়ে চন্দ্রীদাসের পদাবলীর যে চিরকালীন আবেদন আজও প্রাসঙ্গিক হয়ে ওঠে তার ব্যাখ্যা দিন।
- গ) বৃন্দাবন দাস রচিত 'চৈতন্যভাগবত' কাব্যের কাব্যমূল্য বিশ্লেষণ করুন।

এম.এ. চতুর্থ সেমেস্টার ২০১৮-২০১৯

অ্যাসাইনমেন্ট

বিষয় : বাংলা

ঐচ্ছিকপত্র : ৪০৪ ছোটগল্প

মোট নম্বর ২৫

(বিভাগ - ক)

১. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ১২০০)।

১৫

ক. নর-নারীর প্রেম সম্পর্কের বহু বিচিত্র রূপ নরেন্দ্রনাথ মিত্রের গল্পে ধরা পড়েছে। প্রাসঙ্গিক গল্প অবলম্বনে বিষয়টি পরিস্ফুট করুন।

খ. মানুষ ও মানবের প্রাণীর পারস্পরিক সহাবস্থান 'নারী ও নাগিনী' এবং 'কালাপাহাড়' গল্প দুটিকে বিশিষ্টতা দান করেছে— আলোচনা করুন।

গ. “মধ্যবিত্ত, নিম্নবিত্ত সম্প্রদায়ের নানাবৃত্তির মানুষকে, তাদের বিভিন্ন সম্পর্ককে, পারস্পরিক সংঘাত এবং অন্তর্দ্বন্দ্বকে নরেন্দ্রনাথ মিত্র তাঁর গল্পে তুলে ধরেছেন।” পঠিত গল্পগুলি অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা বিচার করুন।

(বিভাগ-খ)

২. যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা ৭০০)।

১০

ক. 'অগ্রদানী' পূর্ণ চক্রবর্তীর জীবনের ট্রাজিক পরিণতির গল্প।— আলোচনা করুন।

খ. 'রস' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করুন।

গ. 'তারাক্ষরের 'তারিণী মাঝি' গল্পে মানবিক সম্পর্কের উর্ধ্ব আত্মরক্ষার জৈব প্রবৃত্তিই জয়ী হয়েছে”— বক্তব্যটির যথার্থতা বিচার করুন।

এম.এ. চতুর্থ সেমেস্টার, ২০১৮-২০১৯

অ্যাসাইনমেন্ট

বিষয়-বাংলা

ঐচ্ছিক পত্র : ৪০৫ (নাটক)

মোট নম্বর : ২৫

(বিভাগ-ক)

১. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা- ১২০০)

১৫

- ক) ১৮৭৬-এর 'নাট্য নিয়ন্ত্রণ আইন' বাংলা নাট্য সাহিত্যকে কীভাবে প্রভাবিত করেছিল বুঝিয়ে দিন।
- খ) 'সধবার একাদশী' প্রহসনে নারী চরিত্র সৃষ্টিতে নাট্যকার সমকালের সমাজ ব্যবস্থার কোন্ প্রসঙ্গ প্রতিফলিত করেছেন।
- গ) জাতীয়তাবাদ ও স্বদেশচেতনা উনিশ-বিশ শতকের বাংলা নাটকে কিভাবে ফুটে উঠেছে তা বুঝিয়ে দিন।

(বিভাগ-খ)

২. যে কোন একটি প্রশ্নের উত্তর দিন (শব্দ সীমা - ৭০০)

১০

- ক) 'সধবার একাদশী' কি উদ্দেশ্যমূলক রচনা? এই অভিমতের সপক্ষে যুক্তি দিন।
- খ) পৌরাণিক কাহিনীগুলি বাংলা নাটকে কীভাবে বিবর্তিত ও পরিবর্তিত হয়েছে বুঝিয়ে দিন।
- গ) 'সধবার একাদশী'- প্রহসন থেকে নিমচাঁদ, অটল ও নকুলেশ্বর চরিত্রগুলির উপজীব্যতা বর্ণনা করুন।